দৈনিক ইত্তেফাক

MAR. 30 2002

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি হবে ২০১ সদস্যের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রলীগের আসন্ন জাতীয় সম্মেলনে নয়া কেন্দ্রীয় কমিটি বড় করা হবে। রাজপথের আন্দোলন চাঙ্গা রাখার জন্য ছাত্রলীগ নেতা-কর্মীদের খুশী করতে সিদ্ধান্ত নেয়া হয়েছে। ৩রা এপ্রিল

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি

(শেষ পৃষ্ঠার পর)

পল্টন ময়দানে ছাত্রলীগের ২৫তম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে বয়সে তরুণ, নিয়মিত ছাত্র এবং অবিবাহিত নেতা-কর্মীদের ছাত্রলীগের নেতৃত্বে আনা হচ্ছে বলে জানা গেছে।

বৃহস্পতিবার রাতে ছাত্রলীগের প্রাক্তন নেতাদের এক বৈঠকে কমিটির পরিধি বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত অনুসারে সংগঠনের কেন্দ্রীয় কমিটি হবে ২০১ সদস্যবিশিষ্ট। কমিটিতে সহ-সভাপতি থাকবে ২১ জন, যুগ্ম-সম্পাদক ৬ জন, সাংগঠনিক সম্পাদক ৬ জন, সম্পাদক ৩ জন। জেলা, থানা, ওয়ার্ড, ইউনিয়ন, মহানগরের কমিটি হবে ১০১ সদস্যবিশিষ্ট। সংগঠনটির ইতিহাসে এবারই হবে সর্ববৃহৎ কমিটি। সাবেক নেতৃবৃন্দের বৈঠকে সাবেক মন্ত্রী ওবায়দুল কাদের, আঃ মান্নান, শাহে আলম, অসিম কুমার উকিল, এস এম কামাল, সফি আহম্মেদ, আব্দুল মজিদ প্রমুখ উপস্থিত ছিলেন। আসন্ন সম্মেলনের শেষ মুহূর্তে কমিটিতে পদ পাওয়ার প্রত্যাশায় কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে জোর প্রতিযোগিতা শুরু হয়েছে। নেতারা একে অপরের বিরুদ্ধে কাদা ছোঁড়াছুঁড়ি করছে। বেনামী বিভিন্ন লিফলেটও বের হয়েছে বলে জানা গেছে।

ছাত্রলীগের কমিটি গঠনের ব্যাপারে নেতাদের 'অবিবাহিত শর্ত' কঠোরভাবে অনুসরণ করা হচ্ছে বলে জানা যায়। সংগঠনের গঠনতন্ত্রে বিবাহিত ছাত্রনেতারা কোন পদ পাবে না বলে সুস্পষ্টভাবে উল্লেখ করেছে। অবিবাহিত, রাজনীতিতে সক্রিয় এবং সাহসী ছাত্রনেতাদের ছাত্রলীগ কমিটিতে গুরুত্বপূর্ণ পদে বসানো হবে। বর্তমানে ছাত্রলীগ নেতাদের মধ্যে বলরাম পোদ্দার, লিয়াকত সিকদার, আশরাফুল আজিম রুবন, আব্দুল ওয়াদুদ খোকন, আনিসুর রহমান, নজরুল ইসলাম বাবু, সাইফুজ্জামান শিখর, প্রশান্ত ভূষণ বড় য়া, খান মঈনুল মোস্তাক, খলিলুর রহমান গুরুত্বপূর্ণ পদ পেতে পারেন।